দেশজুড়ে | গাইবান্ধা

গাইবান্ধা • অবৈধ বালুর কারবারের সংবাদ সংগ্রহ, ৪ সাংবাদিককে তুলে নিয়ে মারধর



হাসপাতালে চিকিৎসা নিচ্ছেন মারধরের শিকার সাংবাদিকরা/ছবি: জাগো নিউজ

জেলা প্রতিনিধি, গাইবান্ধা
প্রকাশিত: ১৫ নভেম্বর ২০২৬ | ১২:৩৯ পিএম

Add Jagonews24 on ফটোকার্ড শেয়ার

গাইবান্ধার পলাশবাড়ীতে অবৈধ বালু উত্তোলনের বিরুদ্ধে প্রশাসনের অভিযানের সংবাদ সংগ্রহ শেষে ফেরার পথে চার সাংবাদিককে অবরুদ্ধ করে মারধরের অভিযোগ উঠেছে।

শনিবার (১৪ নভেম্বর) বিকেলে পলাশবাড়ী-ঘোড়াঘাট সড়কের আমবাড়ী এলাকায় এ ঘটনা ঘটে।

এ ঘটনায় উপজেলা ছাত্রদলের সদস্য সচিব সোহেল রশিদ হৃদয় ও পলাশবাড়ী কলেজ ছাত্রদলের সদস্য সচিব মো. মাজেদুল ইসলামের নেতৃত্বে ১০-১৫ জনের একটি দল জড়িত বলে অভিযোগ করেছেন সাংবাদিকরা।

মারধরের শিকার সাংবাদিকরা হলেন-জাগো নিউজ গাইবান্ধা প্রতিনিধি আনোয়ার হোসেন শামীম, দৈনিক দেশ রূপান্তরের খন্দকার রফিকুল ইসলাম রফিক, স্থানীয় জনসেনা পত্রিকার স্টাফ রিপোর্টার তাজরুল ইসলাম এবং পাপ্পু সরকার। তারা বর্তমানে গাইবান্ধা জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন।

সাংবাদিকদের অভিযোগ, বিকেলে পলাশবাড়ী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আমিনুল ইসলাম বুলবুল ও সহকারী কমিশনার (ভূমি) মো. আল ইয়াসা রহমান তাপাদারের নেতৃত্বে অবৈধভাবে উত্তোলন করে রাখা বালুর স্তূপে অভিযান চালানো হয়। এ সময় বালু জব্দের পাশাপাশি বালু পরিবহনে ব্যবহৃত চারটি ট্রাক্টর জব্দ করে প্রশাসন। অভিযানের সংবাদ সংগ্রহ শেষে সিএনজিচালিত অটোরিকশায় বাড়ি ফেরার পথে আমবাড়ী এলাকায় তিনটি মোটরসাইকেলে আসা কয়েকজন তাদের পথরোধ করেন।

তারা আরও অভিযোগ করেন, পরে সাংবাদিকদের একটি কক্ষে নিয়ে দরজা বন্ধ করে মারধর করা হয়। এ সময় তাদের মুঠোফোন কেড়ে নিয়ে বন্ধ করে রাখা হয়। জোর করে হাতে টাকা দিয়ে ভিডিও ধারণ করা হয় বলেও অভিযোগ করেন তারা।

পলাশবাড়ী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আখতার হোসেন বলেন, ঘটনার বিষয়টি শুনেছেন। এটি খুবই দুঃখজনক। অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

উপজেলা নির্বাহী কর্মকর্তা আমিনুল ইসলাম বুলবুল বলেন, সাংবাদিকদের অবরুদ্ধ করে মারধরের বিষয়টি শুনেছি। জব্দ করা ট্রাক্টরগুলো ছেড়ে দেওয়া হয়েছে।

আনোয়ার হোসেন শামীম/কেএইচকে/জেআইএম

ফলো করুন গুগল নিউজ হোয়াটসঅ্যাপ চ্যানেল ফেসবুক ইউটিউব

সাংবাদিক ছাত্রদল হামলা

পাঠকপ্রিয় অনলাইন নিউজ পোর্টাল জাগোনিউজ২৪.কমে লিখতে পারেন আপনিও। লেখার বিষয় ফিচার, ভ্রমণ, লাইফস্টাইল, ক্যারিয়ার, তথ্যপ্রযুক্তি, ধর্ম, কৃষি ও প্রকৃতি। আজই আপনার লেখাটি পাঠিয়ে দিন jagofeature@gmail.com ঠিকানায়।

বোদায় চুরির অভিযোগে গণপিটুনিতে বৃদ্ধের মৃত্যু

প্রকাশিত: ১৫ নভেম্বর ২০২৬ | ৪:৫৫ পিএম

সর্বশেষ সংবাদ



কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের বিক্ষোভ, গোপালগঞ্জের এসপিকে ফেনীতে বদলি
০ মিনিট আগে



বুয়েটের পরীক্ষায় উত্তীর্ণ ১১ প্রতিষ্ঠানের ই-রিকশা, চলবে ঢাকা দক্ষিণে
২ মিনিট আগে



ঢাকা দক্ষিণ সিটিতে ই-রিকশার নিবন্ধন ফরম বিক্রি ২৭ হাজার ছাড়ালো
২ মিনিট আগে



গুনাহমুক্ত হওয়ার পরও রাতের নামাজে নবীজি (সা.) এত কাঁদতেন কেন?
৪ মিনিট আগে



বদলে যাচ্ছে ভারতের ট্যুরিস্ট ভিসা, মেডিকেলেও আসছে বড় পরিবর্তন
৫ মিনিট আগে



পঞ্চগড়ের বোদায় চুরির অভিযোগে আটক করে এক বৃদ্ধকে গণপিটুনি দিয়েছেন স্থানীয়রা। গুরুতর আহত ওই বৃদ্ধকে হাসপাতালে নেওয়া হলে চিকিৎসক...

বিস্তারিত পড়ুন

এমপি নুসরাতের বাড়িতে আগুন: আরও ৭ দিন সময় চেয়েছে তদন্ত কমিটি

প্রকাশিত: ১৫ নভেম্বর ২০২৬ | ৪:৪৭ পিএম



কুষ্টিয়ার দৌলতপুরে সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য ও এনসিপি নেত্রী নুসরাত তাবাসসুম জ্যোতির গ্রামের বাড়িতে অগ্নিকাণ্ডের ঘটনায় তদন্ত শেষ করতে আরও...

বিস্তারিত পড়ুন

মৌলভীবাজারে তামাক নিয়ন্ত্রণ আইনে অভিযান, দুই দোকানকে জরিমানা

প্রকাশিত: ১৫ নভেম্বর ২০২৬ | ৪:৪১ পিএম



মৌলভীবাজার শহরের পুরাতন হাসপাতাল রোড এলাকায় ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন লঙ্ঘনের দায়ে দুটি দোকানকে মোট ৪ হাজার টাকা...

বিস্তারিত পড়ুন

বিয়েবাড়িতে ডাকাত ধরতে পুলিশের গুলির অভিযোগ, শিশুসহ আহত ৭

প্রকাশিত: ১৫ নভেম্বর ২০২৬ | ৪:২৫ পিএম





কক্সবাজারের মহেশখালীর এক বিয়েবাড়িতে ডাকাত ধরতে গিয়ে পুলিশ গুলি চালিয়েছে বলে অভিযোগ উঠেছে।
গুলিতে শিশু-কিশোরসহ সাতজন আহত হয়েছেন।...

বিস্তারিত পড়ুন

অ্যাপ ডাউনলোড করুন

GET IT ON Google Play
Available on the App Store

Jagonews24: বস্তুনিষ্ঠ সংবাদের অনলাইন ঠিকানা

জাগোনিউজ২৪ বাংলাদেশের শীর্ষস্থানীয় অনলাইন নিউজ পোর্টাল। রাজনীতি, অর্থনীতি, খেলাধুলা ও বিনোদনসহ দেশ-বিদেশের সর্বশেষ ব্রেকিং নিউজ ও নির্ভরযোগ্য সংবাদের জন্য সাথেই থাকুন জাগোনিউজ২৪-এর।

সম্পাদক: কে. এম. জিয়াউল হক

© ২০২৬ সর্বস্বত্ব সংরক্ষিত | জাগোনিউজ২৪.কম

একেসি প্রাইভেট লিমিটেডের একটি প্রতিষ্ঠান

আজহার কমফোর্ট কমপ্লেক্স (৫ম তলা)
গ-১৩০/এ প্রগতি সরণি, মধ্যবাড্ডা, ঢাকা-১২১২

যোগাযোগ | গোপনীয়তা নীতি | আমাদের সম্পর্কে

copy